

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে নবীন বরণ অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক

২৯ সেপ্টেম্বর ২০২২

০৩:৩৭ পিএম | আপডেট:

২৯ সেপ্টেম্বর ২০২২

০৩:৩৭ পিএম



ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে নবীন বরণ অনুষ্ঠিত। ছবি: সংগৃহীত

advertisement

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় চলতি বছরের শীতকালীন সেমিস্টারের নবীন শিক্ষার্থীদের বরণ এবং সদ্য নির্মিত ফরাসউদ্দিন একাডেমিক ভবনের উদ্বোধন করা হয়েছে।

আজ বৃহস্পতিবার রাজধানীর আফতাব নগরে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। এই সেমিস্টারে স্নাতক ও স্নাতকোত্তর শ্রেণিতে প্রায় ১৪শত শিক্ষার্থীকে বরণ করা হয়। অনুষ্ঠানে নবীনদের বরণ করে নেওয়ার পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের নিয়ম কানুন, শিক্ষা কার্যক্রম, সুযোগ-সুবিধা সম্পর্কে ধারণা দেওয়া হয়। সেইসঙ্গে শিক্ষা কার্যক্রমের সঙ্গে সংশ্লিষ্ট শিক্ষক ও কর্মকর্তাদের পরিচয় করিয়ে দেওয়া হয়।

advertisement 3

নবীন বরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিন। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এম এম শহিদুল হাসান। অনুষ্ঠানে সভাপতি হিসেবে বক্তব্য দেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মাদ জিয়াউলহক মামুন। এছাড়াও অনুষ্ঠানে বক্তব্য রাখেন তিনটি অনুষ্ঠানের ডিনরা। বক্তারা শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয় জীবনে একজন আদর্শ মানুষ হিসেবে গড়ে ওঠার প্রস্তুতি নেওয়ার পরামর্শ দেন।

advertisement 4

নবীন বরণ অনুষ্ঠান শেষে অতিথিরা অত্যাধুনিক সুবিধা সম্পন্ন নতুন দশতলা বিশিষ্ট ‘ফরাসউদ্দিন ভবন’ এর উদ্বোধন করেন। সেইসঙ্গে তারা প্রত্যাশা করেন নতুন এই ভবনের ফলে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের একাডেমিক জ্ঞান আহরণ আরও বেশি সহজ হবে।